আলমডাঙ্গায় আনসার ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা আনসার ও ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে এ বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করেন উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা আজিজুল হাকিম।

এ সময় আনসার ও ভিডিপি’র উপজেলা প্রশিক্ষক মাজিদুল হকসহ ইউনিয়ন দলনেতা ও দলনেত্রী এবং আনসার প্লাটুন কমান্ডার ও সহকারি আনসার প্লাটুন কমান্ডার উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপন কর্মসূচীতে আনসার কর্মকর্তা আজিজুল হাকিম বলেন, দেশের পরিবেশ ধরে রাখতে হলে গাছের গুরুত্ব অপরিসীম। সকলে নিজ উদ্যোগে বাড়িতে কমপক্ষে দুটি গাছ রোপন করতে হবে। নিজের পাশাপাশি গাছ রোপনে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। এর আগে আনসার ও ভিডিপির কর্মীদের মাঝে তাদের পরিচয়পত্র বিতরণ করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে আনসার-ভিডিপি’র ব্রিফিং

আগামীকাল মঙ্গলবার (২১ মে) অনুষ্ঠিত হতে যাচ্ছে ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপ। গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে উপজেলায় ১০৭টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা তাদের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিকনির্দেশনামূলক বক্তব্যে তিনি বলেন, আইনশৃঙ্খলা

রক্ষা, ভোট কেন্দ্র ও ব্যালট বাক্সের নিরাপত্তা নিশ্চিত করা এবং ভোটদানে শৃঙ্খলা বজায় রাখতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী গাংনী উপজেলা মোট ১ হাজার ৪৭২ জন সদস্য মোতায়েন করেছে। প্রতিটি ভোটকেন্দ্রের নিরাপত্তায় মোট ১৩ জন বা ততোধিক আনসার ও ভিডিপি সদস্য ১৭ মে থেকে অঙ্গীভূত হয়ে দায়িত্ব পালন করছেন। তাদের মধ্যে একজন প্লাটুন কমান্ডার (পিসি) ও দুইজন সহকারী প্লাটুন কমান্ডারের (এপিসি) নেতৃত্বে ৬ জন পুরুষ ও ৪ জন মহিলা আনসার-ভিডিপি সদস্য রয়েছেন। কোনো কেন্দ্রে বুথ সংখ্যা ৬টির বেশি হলে বুথ প্রতি অতিরিক্ত আরও একজন করে আনসার-ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। পিসি ও এপিসিগণ (৩ জন) অস্ত্রসহ এবং আনসার-ভিডিপি সদস্য-সদস্যাগণ লাঠিসহ ভোটকেন্দ্রের নিরাপত্তা ও আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত থাকবেন।

তিনি আরও বলেন, ১ম ধাপের উপজেলা পরিষদ নির্বাচনে অত্র জেলার দু’টি উপজেলায় প্রায় দুই হাজার জনবল অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করেছেন। সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতায় এবারও আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলার সদস্য-সদস্যাগণ নির্বাচনি বিধি মেনে দায়িত্ব পালনে বদ্ধপরিকর।

মেহেরপুরে উপজেলা নির্বাচনে আনসার-ভিডিপি’র ব্রিফিং ও মোতায়েন কার্যক্রম সম্পন্ন

আগামী বুধবার (৮ মে) অনুষ্ঠিত হতে যাচ্ছে ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপ। জেলার সদর ও মুজিবনগর উপজেলায় ১২৯টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা তাদের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে।

গতকাল সোমবার মুজিবনগর ও সদর উপজেলার নির্বাচনী ব্রিফিং সম্পন্ন হয়েছে। জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি

হিসেবে উপস্থিত থেকে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি জানান, আইনশৃঙ্খলা রক্ষা, ভোট কেন্দ্র ও ব্যালট বাক্সের নিরাপত্তা নিশ্চিত করা এবং ভোটদানে শৃঙ্খলা বজায় রাখতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা মোট ১ হাজার ৮৬৬ জন সদস্য মোতায়েন করেছে। প্রতিটি ভোটকেন্দ্রের নিরাপত্তায় মোট ১৩ জন বা ততোধিক আনসার ও ভিডিপি সদস্য গতকাল সোমবার থেকে ইতোমধ্যে দায়িত্ব পালন করছেন। তাদের মধ্যে একজন প্লাটুন কমান্ডার (পিসি) ও দুইজন সহকারী প্লাটুন কমান্ডারের (এপিসি) নেতৃত্বে ৬ জন পুরুষ ও ৪ জন মহিলা আনসার-ভিডিপি সদস্য রয়েছেন। কোনো কেন্দ্রে বুথ সংখ্যা ৬টির বেশি হলে বুথ প্রতি অতিরিক্ত আরও একজন করে আনসার-ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। পিসি ও এপিসিগণ (৩ জন) অস্ত্রসহ এবং আনসার-ভিডিপি সদস্য-সদস্যাগণ অস্ত্রবিহীন ভোটকেন্দ্রের নিরাপত্তা ও আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত থাকবেন।

তাদের পাশাপাশি ৩ সেকশন (৩০ জন) আনসার ব্যাটালিয়ন সদস্য জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালনের জন্য স্ট্রাইকিং/স্ট্যাটিক ফোর্স হিসেবে মোতায়েন করা হয়েছে। মোবাইল টিমে/স্ট্রাইকিং ফোর্সে দায়িত্বপালনের ক্ষেত্রে আনসার ব্যাটালিয়ন সদস্যগণ ন্যূনতম সেকশন (প্রতি সেকশন ১০ জন করে) ফরমেশনে দায়িত্বপালন করবেন। এ ছাড়া এবার প্রথমবারের মতো পুলিশের মোবাইল টিম/স্ট্রাইকিং টিমের সাথে যুক্ত হয়ে কাজ করছেন ৪ সেকশন (৪০ জন) সশস্ত্র আনসার ভিডিপি সদস্য। মোতায়েনকৃত সদস্যদের দায়িত্বপালন তদারকের জন্য জেলাসহ দুই উপজেলার কর্মকর্তা- কর্মচারীগণ মাঠ পর্যায়ে দায়িত্ব পালন করছেন। তারা সকলেই ৬ মে থেকে ১০ মে পর্যন্ত মোট পাঁচ দিনের জন্য মোতায়েন থাকবেন।

তিনি আরও বলেন, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সকল জাতীয় ও স্থানীয় নির্বাচনে সরকারের নির্দেশে সর্বোচ্চ সংখ্যক সদস্য মোতায়েন করে থাকে। গত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলার প্রায় তিন সহস্রাধিক জনবল নিয়োজিত ছিলেন। সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতায় এবারও তার ব্যতিক্রম হবে না বলে আশাবাদ ব্যক্ত করেন।

[redacted]

[redacted]

মেহেরপুরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আনসার ও গ্রাম ভিডিপি সমাবেশ আনসার সদস্যদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।
আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) সকালে আনসার ভিডিপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ওবায়দুল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যন্ট সাহাদত হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভীন, উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের সদর শাখার ব্যবস্থাপক হেলাল উদ্দীন, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অতিরিক্ত সার্কেল অ্যাডজুটেন্ড আল মামুন, গাংনী উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জিএম শাওন।

আনসার ভিডিপির ইউনিয়ন ও গ্রাম লিডারদের ভাল কাজের স্বীকৃতিসরুপ সদর উপজেলার সুবিদপুর সহকারী কোম্পানী সাইদুজ্জামান, বুড়িপুতা ইউনিয়ন দলনেতা কাওসার আলী, কেশবপুর ওয়ার্ড দলনেতা সানোয়ার, আমদহ গ্রামের ভিডিপি সদস্য জাহিদ আলী, দীঘিরপাড়া ওয়ার্ড দলনেতা সবুজ আলীকে বাইসাইকেল ও ৫ জন সদস্যকে ছাতা উপহার প্রদান করেন।

মিরপুরে আনসার-ভিডিপির সমাবেশ অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপজেলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে উপজেলা মিলনায়তনে এ

সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা কমান্ড্যান্ট সোহেলুর রহমান। উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদেরের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন উপজেলা চেয়ারম্যান কামারুল আরেফিন।

এতে বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাজী এনামুল হক, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হারুন অর রশিদ, উপজেলা আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপক ফাতৌসী বেগম, অবসরপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামাল উদ্দিন, মিরপুর প্রেসক্লাবের সহ-সভাপতি রাশেদুজ্জামান রিমন প্রমুখ। শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা রেজওয়ান আহমেদ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কুমারখালি উপজেলা আনসার ও ভিডিপির প্রশিক্ষক হামিদা পারভীন।

অনুষ্ঠানের পূর্বে অতিথিবৃন্দ কেক কাটেন এবং পরে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠান শেষে কাজের স্বীকৃতি স্বরূপ ১১ জন আনসার-ভিডিপি সদস্যকে পুরষ্কৃত করা হয়।

মুজিবনগরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা আনসার ভিডিপি ও গ্রাম প্রতিরক্ষা বাহীনির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকালে মুজিবনগর কমপ্লেক্স মিনি সংসদ অডিটরিয়মে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
উপজেলা আনসার ভিডিপি অফিসার মিরাজুল ইসলামের সভাপতিত্বে উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুরে জেলা আনসার ভিডিপি ও গ্রাম প্রতিরক্ষা বাহীনির জেলা কমান্ডেন্ট (বিভিএম) সাহাদত হোসেন।
উপজেলা প্রশিক্ষিকা ফেরদৌসী আরার সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল,